1.26

আজকের কাগজ

তারিখ 06 JAN 1994
পৃষ্ঠা ৩ কলাম ২

# শিক্ষা অধিদপ্তরে সিদ্ধান্তহীনতায় কেশবপুরে প্রাথমিক শিক্ষা ব্যাহত

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সিদ্ধান্তহীনতার কারণে যশোর জেলার কেশবপুর থানায় প্রাথমিক শিক্ষা দারুণভাবে ব্যাহত হচ্ছে। কেশবপুর থানায় দীর্ঘ কয়েকবছর ৪৪ জন শিক্ষক শিক্ষিকার পদ শূন্য থাকায় বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষক সংকট মারাত্মক আকার ধারণ করেছে। গত ৩১ অক্টোবর (১৯৯২) যশোর জেলা সাব জজ আদালত কেশবপুর থানায় নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের অবিলম্বে কাজে যোগদানের ব্যবস্থা গ্রহণ করতে থানা শিক্ষা কর্মকর্তা জেলা শিক্ষা কর্মকর্তা, ও মহা পরিচালক প্রাথমিক শিক্ষাকে আদেশ দিলেও আজো তা বাস্তবায়িত হয়নি। ফলে কেশবপুর থানায় প্রাথমিক শিক্ষা বাধাগ্রস্ত হচ্ছে। থানার প্রাথমিক শিক্ষা উন্নয়নকল্পে শিক্ষা বিভাগের অবিলম্বে কার্যকরী ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন ভুক্তভোগী নিয়োগপ্রাপ্ত শিক্ষকরা। কেশবপুর থেকে আনন্দ কুমার।